

০২/০৭/০৭

জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাফিলতি পরীক্ষার ১ বছরেও ফল পায়নি কুষ্টিয়া কলেজের ১৪৬ শিক্ষার্থী

প্রতিনিধি, কুষ্টিয়া

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতির কারণে কুষ্টিয়া সরকারি কলেজের হিসাব বিজ্ঞান (অনার্স) ও ব্যবস্থাপনা (অনার্স ৩য় বর্ষের) বিভাগের ১৪৬ ছাত্রছাত্রীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে। ২০০৫ সালের অনার্স ২য় বর্ষের পরীক্ষায় (২০০৬ সালের আগস্ট-অক্টোবর মাসে অনুষ্ঠিত) অংশ নিয়ে সবগুলো বিষয়ের ফল পেলেও তারা ব্যবসায় গণিত বিষয়ের ফলাফল আজও

পায়নি। কলেজের পক্ষ থেকে এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বারবার ভাগিদা দিলেও তারা এতে কর্ণপাত করেনি।

জান্না-গেছে, ওই পরীক্ষায় কুষ্টিয়া সরকারি কলেজ থেকে হিসাব বিজ্ঞান বিভাগের ৩৫৯ জন ও ব্যবস্থাপনা বিভাগের ৩০৪ জন শিক্ষার্থী অংশ নেয়। চলতি বছরের ৩ জুন ইন্টারনেটের মাধ্যমে ওই পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ওই ফলাফলে এ কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের ১০১ জন এবং ব্যবস্থাপনা বিভাগের ৪৫ জন পরীক্ষার্থীর সব বিষয়ের নম্বর থাকলেও ৩০১ নং কোর্স ব্যবসায় গণিত বিষয়ের নম্বর না দিয়ে ফলাফল শিটে ওই কোর্সের নম্বরের ঘরে অনুপস্থিত দেখানো হয়। কলেজের অধ্যক্ষ গত ৩০ জুন প্রথম দফা এবং গত ২১ জুলাই দ্বিতীয় দফা বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে জানান। এছাড়া কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান গত ৩ জুলাই ও ১২ জুলাই সশরীরে বিশ্ববিদ্যালয়ে গিয়ে বিষয়টি উপ-পরীক্ষা নিয়ন্ত্রককে জানান। বিশ্ববিদ্যালয়ের এ দুই কর্মকর্তা এ ব্যাপারে ব্যবস্থা নেয়ার আশ্বাস দিলেও আজ পর্যন্ত বিষয়টি সুরাহা হয়নি।

এদিকে অনার্স ২য় বর্ষের ২০০৬ সালের (২০০৭ সালে অনুষ্ঠিতব্য) পরীক্ষার ফরম পূরণ গতকাল ২৩ জুলাই থেকে পায়নি : পৃঃ ১১ কঃ ৫

পায়নি : ফল
(১২ পৃষ্ঠার পর)

হয়েছে। চলবে আগামী ২৬ জুলাই পর্যন্ত। সেই সঙ্গে অনার্স ৩য় বর্ষের পরীক্ষা শুরু তারিখ নির্ধারণ করা হয়েছে আগামী ২৯ অক্টোবর। এ পরিস্থিতিতে ওই ছাত্রছাত্রীরা ২য় বর্ষের পরীক্ষার ব্যবসায় গণিত বিষয়ের ফলাফলের জন্য অপেক্ষা করবে না ফের ফরম পূরণ করে ওই পরীক্ষায় অংশ নেবে তা বুঝে ওঠতে পারছে না। এতে চরম উদ্বেগ ও হতাশ হয়ে পড়েছে ছাত্রছাত্রীরা।

গতকাল সোমবার ওই শিক্ষার্থীরা এ ব্যাপারে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আবুল হোসেন 'সংবাদ'কে জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বারবার যোগাযোগ করেও কোন লাভ হয়নি। তবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. ইব্রাহিমের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, আগামী ২৫ জুলাইয়ের মধ্যে কুষ্টিয়া সরকারি কলেজের ওই বিষয়ের ফলাফল পাঠানো হবে।